DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Jul 2026, 07:18 PM

আন্তর্জাতিক

# পাকিস্তানে নিরাপত্তা বাহিনী ও সশস্ত্র গোষ্ঠীর মধ্যে সংঘর্ষ, নিহত ৩০

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: বুধবার, ০৮ জুলাই ২০২৬, ০৯:০৫ PM



ছবি: সংগৃহীত

পাকিস্তানের দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় প্রদেশ বেলুচিস্তানে নিরাপত্তা বাহিনীর সঙ্গে  সশস্ত্র গোষ্ঠীর গোলাগুলিতে অন্তত ৩০ জন নিহত হয়েছেন। নিহত ব্যক্তিদের মধ্যে ১১ জন নিরাপত্তা বাহিনীর সদস্য এবং ১৯ জন সশস্ত্র সন্ত্রাসী বলে জানা গেছে।

বুধবার (৮ জুলাই) প্রদেশের এন-২৫ মহাসড়কের ঝাও ক্রস ও কারারো এলাকার মধ্যবর্তী স্থানে এই রক্তক্ষয়ী সংঘর্ষের ঘটনা ঘটে।

নিরাপত্তা সূত্রগুলো জানায়, ফিতনা আল-হিন্দুস্তান নামের একটি সশস্ত্র গোষ্ঠীর সদস্যরা মহাসড়কে চলাচলকারী যাত্রী ও স্থানীয় বাসিন্দাদের কাছ থেকে জোরপূর্বক চাঁদা আদায় করছিল। এমন সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে ওই এলাকায় অভিযান চালায় নিরাপত্তা বাহিনী। এ সময় দুই পক্ষের মধ্যে তীব্র গোলাগুলি শুরু হয়।

অভিযান শেষে নিরাপত্তা বাহিনীর পক্ষ থেকে জানানো হয়েছে, জনজীবন ও সম্পদের নিরাপত্তা নিশ্চিত করাসহ প্রদেশের মহাসড়কগুলোকে নিরাপদ রাখতেই এই পদক্ষেপ নেওয়া হয়েছে। একই সঙ্গে বেলুচিস্তানের শান্তি বিনষ্টের যেকোনো প্রচেষ্টার বিরুদ্ধে কঠোর জবাব দেওয়ার হুঁশিয়ারি দেওয়া হয়েছে। বর্তমানে পুরো এলাকায় সন্ত্রাসীদের খোঁজে ব্যাপক তল্লাশি অভিযান চলছে।

এর আগে গত সোমবার গভীর রাতেও বেলুচিস্তানের জিয়ারত জেলায় একটি পুলিশ চেকপোস্টে ভয়াবহ সশস্ত্র হামলার ঘটনা ঘটে। সরকারি কর্মকর্তাদের তথ্য অনুযায়ী, ওই হামলায় অন্তত ৯ জন পুলিশ সদস্য নিহত হন।

---

## এ বিভাগের আরও খবর



আগামী সপ্তাহে ইরানের বিদ্যুৎকেন্দ্র ও সেতুতে হামলার হুমকি ট্রাম্পের
যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, তেহরান সমঝোতার পথে না এলে আগামী সপ্তাহে ইরানের বিদ্যুৎকেন্দ্র ও সেতুগুলোতে যুক্তরাষ্ট্রের...



বীজ বিক্রেতা থেকে যেভাবে বিশ্বসেরা কফি ব্র্যান্ড হলো স্টারবাকস
সময়টা ১৯৮৩ সাল। স্টারবাকস তখন কেবল কফির বীজ বিক্রির একটি সাধারণ প্রতিষ্ঠান। আর হাওয়ার্ড শুল্টজ ছিলেন সেই কোম্পানির মার্কেটিং ডিরেক্টর। ব্যব...



যৌন নিপীড়নের দায়ে অবশেষে ৫৬ লাখ ডলার জরিমানা দিলেন ট্রাম্প
মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প অবশেষে লেখক ও সাবেক কলামিস্ট ই. জিন ক্যারলকে যৌন নিপীড়ন ও মানহানি মামলায় আদালতের নির্দেশ অনুযায়ী ৫৬ লাখ...



### মার্কিন হামলায় ইরানে নিহত ৩০

ইরানের দক্ষিণাঞ্চলে সাম্প্রতিক মার্কিন হামলায় ৩০ জনেরও বেশি বেসামরিক নাগরিক নিহত হয়েছেন বলে দাবি করেছে তেহরান। বুধবার দেশটির সরকারি মুখপাত্র...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/international/pakistane-niraptta-bahini-o-sshstr-goshthir-mdhje-sngghrsh-niht-30